

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০০৬

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ কোন বক্তি কোন মৃত ব্যক্তি সম্পর্কে কোন পাপের কথা জানা থাকলে, তার জন্য মুস্তাহাব হলো তার জন্য
আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করা

ذِكْنُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ إِذَا عَلِمَ مِنْ أَخِيهِ حَوْبَةً وَقَدْ مَاتَ أَنْ يَسْتَغْفِرَ اللَّهَ ـ جَلَّ وَعَلَا ـ لَهُ

আরবী

 $3006 = \frac{1}{6}$ $\frac{1}{6}$ $\frac{1}{2}$ $\frac{1}{2$

الراوي: جَابِر | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3006 ا خلاصة حكم المحدث: ضعيف _ ((مختصر مسلم)) (ص



35), ((ضعيف الأدب المفرد)) , (35

বাংলা

৩০০৬. জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "তুফাইল বিন আমর রাদিয়াল্লাহু আনহু মক্কায় নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি দুর্গের দিকে আসুন, এখানে অস্ত্র-সম্ভ্রসহ যথেষ্ট লোকবল রয়েছে।"

আব্য যুবাইর বলেন, "দুর্গটি পাহাড়ের চূড়ায় ছিল, যেখানে খুবই কস্ট করে পৌঁছা সম্ভব।" অতঃপর রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যারা তোমার পিছনে রয়েছে, তারা কি তোমার সাথের লোক?" জবাবে তিনি বলেন, "আমি জানি না।" তখন রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম তিনি মুখ ফিরিয়ে নেন। অতঃপর রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম যখন মদীনায় আগমন করেন, তখন তুফাইল বিন আমর রাদ্বিয়াল্লাছ আনহ তার গোত্রের একজন লোকসহ হিজরত করে রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামের কাছে আসেন। এখানে এসে সেই ব্যক্তি প্রচন্ড জুরে আক্রান্ত হয়। অতঃপর সে অস্থির হয়ে যায়। ফলে সে একটি ছুরি হাতে নেয় এবং তার রগ কেটে ফেলে। এতে তার রক্তক্ষরণ হয় এবং মারা যায়। তারপর রাতে স্বপ্লে সেই ব্যক্তি তুফাইল বিন আমর রাদ্বিয়াল্লাছ আনহুর কাছে সুন্দর অলঙ্কার-বেশভূযা নিয়ে আসেন, এসময় তিনি তার হাতকে ঢেকে রেখেছিলেন, তখন তুফাইল বিন আমর রাদ্বিয়াল্লাছ আনহু বলেন, "তুমি কি ওমুক?" সে জবাব দিল, "হাাঁ।" তিনি জিজ্ঞেস করলেন, "কী ব্যাপার তোমার?" সে জবাবে বলেন, "আমার প্রভু আমার সাথে উত্তম আচরণ করেছেন। আল্লাহর নাবী সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামের দিকে হিজরত করার কারণে মহান আল্লাহ আমাকে ক্ষমা করে দিয়েছেন।" তিনি আবার জিজ্ঞেস করেন, "তোমার হাতের কী খবর?" সে জবাবে বলেন, "আমার প্রভু বলেছেন, "তুমি নিজে যা নম্ব করেছা, তা আমি ঠিক করে দিবো না।"

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ২১৭৫; মুসনাদ আহমাদ: ৩/৩৭০; সহীহ মুসলিম: ১১৬; সুনান বাইহাকী: ৮/১৭; হাকিম: ৪/৭৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির রাবীদের নির্ভরযোগ্য বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফ আদাবুল মুফরাদ: ৯৫-৯৬)



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন